

নতুন খবর দৈনিক
আমাদেরশময়

সাত কলেজের স্নাতকোত্তর পরীক্ষার সময়সূচি প্রকাশ

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

১৩ জানুয়ারি ২০২১ ০০:০০ | আপডেট: ১৩ জানুয়ারি ২০২১ ০৯:১৫



ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত রাজধানীর সাত সরকারি কলেজের ২০১৭ সালের স্নাতকোত্তর শেষ পর্বের নিয়মিত, অনিয়মিত ও মানোন্নয়ন পরীক্ষার সময়সূচি প্রকাশ করা হয়েছে। আগামী ১৪ জানুয়ারি শুরু হয়ে ১১ ফেব্রুয়ারি পর্যন্ত এ পরীক্ষা চলবে। গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক বাহালুল হক চৌধুরীর স্বাক্ষরে এ সময়সূচি প্রকাশ করা হয়। প্রতিটি পরীক্ষা সকাল ৯টায় শুরু হবে।

পরীক্ষার সুনির্দিষ্ট সময়কাল উল্লেখ না করে রঞ্জিনে বলা হয়েছে, প্রশ্নপত্রে উল্লিখিত সময়কাল অনুযায়ী পরীক্ষাগুলো হবে। রঞ্জিনে ‘বিশেষ দ্রষ্টব্য’ দিয়ে সাত কলেজের শিক্ষার্থীদের উদ্দেশে পাঁচ দফা নির্দেশনাও দেওয়া হয়েছে। এগুলো হলো-
ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ইস্যু করা প্রবেশপত্র ছাড়া কোনো শিক্ষার্থীকে পরীক্ষার হলে প্রবেশ করতে দেওয়া হবে না;
পরীক্ষাকেন্দ্রে মুঠোফোন ও কোনো ইলেকট্রনিক ডিভাইস বহন সম্পূর্ণ নিষিদ্ধ; পরীক্ষার্থীদের প্রবেশপত্র নিজ নিজ কলেজের
অধ্যক্ষদের মনোনীত প্রতিনিধিদের মাধ্যমে কলেজের বিভাগীয় কার্যালয় থেকে সংগ্রহ করতে হবে; ব্যবহারিক ও মৌখিক
পরীক্ষার স্থান, তারিখ ও সময় পরে জানানো হবে এবং এই সময়সূচিতে কোনো ধরনের অসঙ্গতি থাকলে প্রকাশের পরপরই
তা ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রককে লিখিতভাবে জানাতে হবে।

রঞ্জিন অনুযায়ী ঢাকা কলেজের শিক্ষার্থীদের পরীক্ষার কেন্দ্র ইডেন মহিলা কলেজ, ইডেনের শিক্ষার্থীরা পরীক্ষা দেবেন ঢাকা
কলেজ ও বেগম বদরঘণ্টা সরকারি মহিলা কলেজ, বদরঘণ্টা কলেজের শিক্ষার্থীদের পরীক্ষার কেন্দ্র সরকারি শহীদ
সোহরাওয়ার্দী কলেজ, সোহরাওয়ার্দী কলেজের শিক্ষার্থীরা পরীক্ষা দেবেন কবি নজরুল সরকারি কলেজে, কবি নজরুল
কলেজ ও সরকারি বাঙ্গলা কলেজের শিক্ষার্থীদের পরীক্ষার কেন্দ্র সরকারি তিতুমীর কলেজ আর তিতুমীর কলেজের
শিক্ষার্থীরা পরীক্ষা দেবেন সরকারি বাঙ্গলা কলেজে।

ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৫৫০৩০০০১-৬ ফ্যাক্স: ৫৫০৩০০১১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৮

ই-মেইল : news@dainikamadershomoy.com, editor@dainikamadershomoy.com

নতুন ধারার দৈনিক
আমাদেশময়

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯

Privacy Policy